# উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

## কালিগঞ্জ, সাতক্ষীরা

সভাপতি ঃ সাঈদ মেহেদী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিগঞ্জ, সাতক্ষীরা

সভার তারিখ ঃ ২৭-০৬-২০১৯

সময় ঃ বেলা ১১-৩০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ,কালিগঞ্জ,

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিতি পরিশিষ্ট 'খ"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়

১। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং নিম্নবর্ণিত সংশোধনীসহ দৃঢ়করণ করা হয়।

সংশোধনী ঃ বিগত ২৯/০৪/২০১৯ তারিখ উপজেলা পরিষদের বিশেষ সভায় এডিপি খাত হতে নিম্নবর্ণিত প্রকল্প গুলো গ্রহণ করা হয়। কিন্তু অর্থ সংকুলান না হওয়ায় এডিপির পরিবর্তে উপজেলা উন্নয়ন তহবিল ( রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন) খাত হতে প্রকল্পসমূহ বাস্তবায়ন ও অর্থ ছাড়ের সর্বসম্মতসিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | এডিপি হতে গৃহীত প্রকল্প যা রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন (উপজেলা উন্নয়ন তহবিল) হতে বাস্তবায়ন করা হবে। | মন্তব্য |
|---|---|---|
| ১ | ভাড়াশিমলা ইউনিয়নে হত দরিদ্রদের মাঝে রিং স্লাব বিতরণ -৫০,০০০/-<br>ভাড়া শিমলা ইউনিয়নে বিভিন্ন স্থানে আরসি সি পাইপ সরবরাহ -৫০,০০০/- | উপজেলা উন্নয়ন তহবিল ( রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন) খাত |
| ২ | বাজারগ্রাম রহিমপুর জামিয়া এমদাদীয়া তা'লীমুল কুরান মাদ্রাসার জানালার থাই গ্লাস দ্বারা উন্নয়ন- ১,৫০,০০০/- | ঐ |
| ৩ | (১)ভাড়াশিমলা ইউনিয়নে সাতবসু শহর আলীর বাড়ী হতে মিন্টু বাবুর বাড়ী অভিমুখে রাস্তা সোলিংকরণ- ১,০০,০০০/-<br>(২) মন্টু হাজীর পেট্রোল পাম্প হতে তারালী পিচের রাস্তা পর্যন্ত আরসিসি দ্বারা উন্নয়ন (আংশিক)- ১,৫০,০০০/- | ঐ |
| ৪ | (১) মৌতলা মাধ্যমিক বিদ্যালয়ে বসার বেঞ্চ সরবরাহ-২,০০,০০০/-<br>(২) মথুরেশপুর ইউপির বসন্তপুর রশিদের বাড়ী হতে ছাদেরের বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সোলিংকরণ-১,০০,০০০/-<br>(৩) মথুরেশপুর ইউপির নিজদেবপুর সামছুর গাজীর বাড়ী হতে গফফারের বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সোলিংকরণ-১,০০,০০০/-<br>(৪) পরিবেশ ভারসাম্য রক্ষায় ভার্মি কম্পোষ্ট উৎপাদন, সেক্স ফেরোমন ফাঁদ ব্যবহার এবং পুষ্টি চাহিদা পূরণে ফলের চারা বিতরণ-৪,০০,০০০/- | ঐ |
| ৫ | বিভিন্ন ইউনিয়নে প্রতিবন্ধিদের মাঝে হুইল চেয়ার বিতরণ-১,০০,০০০/ | ঐ |

২. বিভাগীয় আলোচনা :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.০১। উপজেলা প্রকৌশলী দপ্তরের কার্যক্রমঃ<br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ এর প্রতিনিধি উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরে এ উপজেলায় ৪ কিস্তিতে এডিপি বরাদ্দ ৮১.৮৪ লক্ষ টাকা , রাজস্ব উদ্বৃত্ত এডিপি ৩৫.২৫ লক্ষ টাকা এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ৩২.৫০ লক্ষ টাকার প্রকল্প ২৯-০৪-২০১৯ তারিখের বিশেষ সভায় গ্রহণ করা হয়েছে । প্রকল্পসমূহের কাজ প্রায় শেষ হয়ে গেছে। ৩০ জুনের মধ্যে কাজ শেষ করা হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি বরাদ্দ ৮১.৮৪ লক্ষ টাকা , রাজস্ব উদ্বৃত্ত এডিপি ৩৫.২৫ লক্ষ টাকা এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ৩২.৫০ লক্ষ টাকার প্রকল্প ৩০ জুনের মধ্যে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ , সাতক্ষীরাকে অনুরোধ করা হয় এবং খাতওয়ারী' বিল সংশ্লিষ্ট খাত হতে ছাড় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>(২)উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.০২। মৎস্য বিভাগের কার্যক্রম ঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । মাছ উৎপাদন বৃদ্ধিসহ উপকূলীয় এলাকায় জেলেদের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে সরকার হতে প্রকল্প গ্রহণ করা হয়েছে। তিনি আরো জানান যে, অধিকতর মৎস্য উৎপাদনের লক্ষ্যে পরিবেশ উন্নয়ন ও রাস্তার অবকাঠামো রক্ষার্থে রাস্তা ও ঘেরের ভেড়ী পৃথক করতে হবে। এ বিয়য়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য পুনঃ অনুরোধ জানানো হয়। তাছাড়া উপজেলায় একটি মৎস্য প্রশিক্ষণ কক্ষ নির্মাণের প্রাক্কলন প্রস্তাবের উপর নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা চাহিত তথ্যাদি উপজেলা প্রকৌশল দপ্তর হতে এখনও পাওয়া যায়নি । বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। তিনি আরও জানান যে, গত ইং ২৯/০৪/২০১৯ তারিখের সভায় ৪.৭ এর কলামে সুনিদিষ্ট পরিকল্পনার প্রয়োজনীয়তার জন্য নিবিড়ভাবে পরিকল্পনা প্রণয়নের প্রস্তাবের ভিত্তিতে উপজেলা কৃষি মৎস্য প্রাণি সম্পদ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলার জলবায়ু পরিবর্তনের ঝুকি হ্রাস, সুস্বাস্থ্য, জলবদ্ধতা নিরসন, খাদ্য নিরাপত্তা, অব্যবহারিত ভূমির ব্যবহার পূর্বক টেকসই কৃষি সম্প্রসারণ এবং আধুনিক প্রযুক্তির ব্যবহার উপযোগী পরিবেশ উন্নয়নের মাধ্যমে ব্যাপক হারে চিংড়ি ও মৎস্য উৎপাদন বৃদ্ধি, সুদীর্ঘকাল ধরে অপরিকল্পিত সনাতনী মৎস্য চাষ করার ফলে ভূমির হ্রাসকৃত উৎপাদন ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে শস্যাবর্তনের মাধ্যমে ভূমি ক্ষয়রোধ রক্ষা এবং মৎস্য চাষের নীতিমালা বর্হিভূত অপরিকল্পিত চিংড়ি ও মৎস্য চাষের কারণে কোটি কোটি টাকার অবকাঠামো ধ্বংসের হাত থেকে রক্ষার্থে-স্থানীয় আবহাওয়া পরিবেশ ভূপ্রকৃতির উপর বিবেচনা করে বিভাগীয় সকল কর্মকর্তা একমত পোষণ করেন যে, এসডিসির ৪১ নং সূচক বাস্তবায়নের লক্ষ্যে অভিষ্ট লক্ষ্য অর্জনে (১) মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত নদী, খাল অবৈধভাবে দখলদারদের উচ্ছেদ করা, নদী ও জনস্বার্থে ব্যবহার্য্য ব্যক্তিমালিকানা খালগুলো পানির প্রবাহ নিশ্চিত করা সাথে সাথে সরকারী সকল খাল ও নদীর শ্রেণীর-সম্পত্তি ইজারা বন্ধ করে দ্রুত খননের ব্যবস্থা করা। (২) সকল প্রকার নীতিমালা বর্হিভূত অবৈধভাবে যে সকল রাস্তাগুলো মৎস্য খামারের ভেড়ী হিসাবে ব্যবহৃত হচ্ছে প্রত্যেকটি রাস্তার দুই পার্শ্বে কমপক্ষে ৪ ফুট করে সোলডার ১:২ স্লোব ৬ ফুট ড্রেন বাদ দিয়ে মৎস্য খামারের ভেড়ী নির্মাণ বাধ্যতামুলক। এ বিষয়ে ব্যয় নিরুপণে ন্যাশনাল সার্ভিসের কর্মী দ্বারা সার্ভে করা। তিনি আরও বলেন ইউনিয়ন, ওয়ার্ড, ওয়াটসন, দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে গ্ণ সচেতনাবোধ সৃষ্টি করা। বিভাগীয় কর্মকর্তাগণ আরও সুপারিশ করেন দারিদ্র বেষ্টনীর সকল প্রকল্প উপরিল্লিখিত বিষয়ের আলোকে আগামী দুই বৎসর কাবিটা, টিয়ার, অতি দরিদ্র কর্মসূচির থেকে সকল প্রকল্প গ্রহণ বাধ্যতামুলক এবং পাশাপাশি মাননীয় সংসদ সদস্য মহোদয়গণের বিশেষ বরাদ্দ, এবং জলবায়ু পরিবর্তনের ঝুকি হ্রাসের সংশ্লিষ্ট এনজিও সহ সকল দপ্তরের সাথে যোগাযোগ পূর্বক বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেন। (৩) তাছাড়া মৎস্য খামারী, মৎস্য খামারে নিযুক্ত শ্রমিকেদের আধুনিক প্রযুক্তি সম্প্রসারণে ব্যাপক প্রশিক্ষণ প্রয়োজন, সংশ্লিষ্ট এনজিও ও দপ্তরের পরিকল্পনা মন্ত্রণালয়ের প্রকল্প পরিচালক মহোদয়গণের সাথে যোগাযোগ স্থাপন করে জনগুরুত্বপূর্ণ এ খাতকে অগ্রাধিকার ভিত্তিতে প্রশিক্ষণের জন্য বরাদ্দ পত্র প্রেরণ, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের ২য় তলায় ফাঁকা অব্যবহারিত ছাদে প্রশিক্ষণ কক্ষ নির্মাণের প্রক্কলন প্রস্তাবের উপর নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরার সাথে যোগাযোগ করে যে সকল চাহিত তথ্যাদি উপজেলা দপ্তরে পাওয়া যায়নি মর্মে অবহিত হয়ে সভায় দুঃখ প্রকাশ করেন এবং বিষয় সমুহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১। অধিকতর মৎস্য উৎপাদনের লক্ষ্য, জলবায়ু পরিবর্তনের ঝুকি হ্রাস, খাদ্য নিরাপত্তা, টেকসই অবকাঠামো, কৃষি কর্মসংস্থান সৃষ্টির দক্ষতা, দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ এর লক্ষ্য অর্জনে ২৯/০৪/২০১৯ তারিখের ৭.৪ এর সংশ্লিষ্ট দাপ্তরিক কর্মকর্তাদের সুপারিশ সর্বসম্মতভাবে গৃহিত হয়।<br>২। উপজেলায় একটি মৎস্য প্রশিক্ষণ কক্ষ নির্মাণ প্রক্কলন প্রস্তাবের উপর নির্বাহী প্রকৌশলী সাতক্ষীরা চাহিত তথ্যাদি দ্রুত দাখিলের জন্য উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | (১)<br>(সকল<br>(২) উপ<br>সাতক্ষীরা<br>(৩) সিনিয়র উ<br>কর্মকর্তা, কালিগঞ্জ,<br>(৪) উপজেলা প্রক<br>কর্মকর্তা,<br>(৫) সংশ্লিষ্ট এনজি, ওয়াল্ড<br>নবযাত্রা। |

| | | |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>জেলা চেয়ারম্যান মহোদয়ের হাসপাতালের এ্যাম্বুলেন্স প্রায় সকল ময় অকেজো থাকায় দুঃখ প্রকাশ করেন। তিনি আরও জানান হাসপাতালের সামনের রাস্তাটি প্রায় জলাবদ্ধতা, হাসপাতালের স্বাস্থ্যগত পরিবেশ, রোগীদের যাতায়াতের ব্যাপক ভোগান্তির বিষয়ে দৃষ্টি আকর্ষন করেন। | | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কালিগঞ্জ,সাতক্ষীরা, ২। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ২.০৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ৪০ দিনের কর্মসূচির কাজ শেষ হয়ে গেছে, টিআর, কাবিখা কাজ প্রায় শেষ । এ বছর ত্রাণ ও দুর্যোগ মন্ত্রণালয়ের আওতায় ২৪ টি ব্রীজ নির্মাণের লক্ষ্যে প্রস্তাব পাঠানো হয়েছিল। ১৪ টি ব্রীজ নির্মাণের অনুমোদন পাওয়া গেছে। ইতোমধ্যে টেন্ডার আহবান করা হয়েছে। তাছাড়া দুর্যোগ সহনীয় ১৭ টি ঘর নির্মাণের বরাদ্দ পাওয়া গেছে। যার কাজ চলমান রয়েছে। ১২ নং মৌতলা ইউনিয়নের চেয়ারম্যান খলিলুর রহমান সাহেব পিরোজপুর বাসষ্ট্যান্ড থেকে জাহাজঘাটা খাল পর্যন্ত সড়ক জনপথ সাতক্ষীরা মুন্সিগঞ্জ সড়কের পূর্ব পার্শ্ব দিয়ে ৩.৫ কিঃমিঃ খালটি কুশুলিয়া এবং মৌতলা ইউনিয়নের বিশাল এলাকায় জুড়ে শত শত হেক্টর জলাবদ্ধতার কারণে ক্ষতিগ্রস্থ কৃষি জমি উৎপাদনমুখী করতে খাল খনন আশু প্রয়োজনীয়তার নবযাত্রা প্রকল্পের মাধ্যমে খননকৃত অংশ বাদে বাকি অংশ প্রায় ৩ কিঃ মিঃ। খনন করার প্রয়োজনীয়তার বিষয়ে পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরও বলেন পিরোজপুর প্রাথমিক বিদ্যালয়ের সম্মুখ হতে মৌতলা বাসস্ট্যান্ড পর্যন্ত রাস্তাটি সংস্কারের প্রয়োজনীয়তা অতীব জরুরী। রাস্তা সংশ্লিষ্ট খালটি প্রবাহমান হওয়ায় মৌতলা মডেল কৃষি ও অত্র এলাকায় নিরাপদ মৎস্য উৎপাদন প্রকল্প সহ শতভাগ আধুনিক প্রযুক্তি নির্ভর মৎস্য উৎপাদন নির্ভর কলিযোগা পিরোজপুর পানিয়া নওহরকাটি পরমানন্দকাটি চরসোনাইঘোরামির প্রায় শতভাগ খামারিদের মৎস্য উৎপাদনে উপকরণ সরবরাহ ও মৎস্য বিপননের কার্যক্রম যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে এবং বিধ্বস্ত রাস্তাটি মাটির কাজ করার আশু প্রয়োজনীয়তা তুলে ধরেন। সাথে সাথে সংশ্লিষ্ট খালের উপরে টেন্ডারকৃত ২টি ব্রিজ বাদে আরও ২টি ব্রিজ নির্মাণ অপরিহার্য। রতনপুর, ধলবাড়িয়া ও দক্ষিণ শ্রীপুর ইউনিয়নের চেয়ারম্যান সাহেবগণ রতনপুর চুনাখালী খালের উপরে ২টি এবং লাউতলী খালের উপর ১টি ব্রিজ। ধলবাড়িয়া ইউপি চেয়ারম্যান মৌখালী বিদ্যালয়ের পার্শ্ববতী খালের উপরে ব্রিজ ও দক্ষিণ শ্রীপুর ইউনিয়নে ঝিলের খালের মসজিদ সংলগ্ন একটি ব্রিজ নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১।ব্রীজসহ দুর্যোগ সহনীয় ১৭ টি ঘরের নির্মাণ কাজ নিবিড় তদারকির মাধ্যমে সম্পন্ন করতে হবে।<br>২। প্রস্তাবিত ব্রিজগুলির নির্মাণের জন্য সংশ্লিষ্ট দপ্তরে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৫। উপজেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম ঃ<br>(ক) উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার কার্যালয়ের ভেটেরিনারি সার্জনের পদটি দু'বছর যাবৎ শুন্য থাকায় চিকিৎসা প্রদানে অসুবিধা সৃষ্টি হচ্ছে। তিনি বর্ণিত শুন্যপদ পূরণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করেন।<br>(খ) সভায় উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা কর্তৃক ইনোভেশন মূলক প্রকল্প ''দক্ষিণশ্রীপুর ইউনিয়নে পোল্ট্রি ভিলেজ" স্থাপন এবং তা সুষ্ঠুভাবে বাস্তবায়ন হওয়ায় সভায় ধন্যবাদ প্রস্তাব গ্রহণের বিষয়ে আলোচনা হয় । | (ক) কালিগঞ্জ উপজেলা প্রাণি সম্পদ বিভাগে ভেটেরিনারি সার্জন পদ পূরণের নিমিত্ত সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ করার জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে পুনঃ অনুরোধ জানানো হয়।<br>(খ) উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা কর্তৃক ইনোভেশন মূলক প্রকল্প ''দক্ষিণশ্রীপুর ইউনিয়নে পোল্ট্রি ভিলেজ" ,স্থাপন এবং অগ্রগতি সন্তোষজনক হওয়ায় সভায় সর্বসম্মতিক্রমে ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয় । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.০৬। **উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম** ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নেই। | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | |
| ২.০৭। **উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম** ঃ<br>উপজেল্যা কৃষি কর্মকর্তা জানান যে, লবনপানির দীর্ঘমেয়াদি ব্যবহারের ফলে ইকো সিস্টেমের স্থায়ী ক্ষতি হওয়ায় অত্র উপজেলায় কৃষি উৎপাদন আশাঙ্খাজনকভ্যাবে হ্রাস পেতে পারে। তিনি জলাবদ্ধতা নিরসনসহ পানির অবাধ প্রবাহ নিশ্চিত করে কৃষি উৎপাদন স্বাভাবিক রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা কৃষি অফিসার আরো জানান যে, জলবায়ু পরিবর্তনের ফলে কোটি কোটি টাকার সম্পদ নষ্ট হচ্ছে। অবৈধ দখলদারদের অপতৎপরতার কারণে পর্যাপ্ত পানি সরবরাহ না থাকায় চিংড়ী উৎপাদন মারাত্মকভাবে ব্যহত হচ্ছে। খালের অবাধ প্রবাহ নিশ্চিতকরণের মাধ্যমে জলাবদ্ধতা হ্রাস, অবকাঠামো রক্ষা, ভূমি ক্ষয় রোধ করে কৃষি উৎপাদন বৃদ্ধি করতে হবে।<br>সভায় জানানো হয় যে, ইনোভেশন কার্যক্রমের আওতায় পরিবেশ ভারসাম্য রক্ষায় ভার্মি কম্পোষ্ট উৎপাদন, সেক্স ফেরোমান ফাঁদ ব্যবহার এবং পুষ্টি চহিদা পূরণে ফলের চারা বিতরণ প্রকল্প গ্রহণ করায় সভার পক্ষ থেকে ধন্যবাদ প্রস্তাব গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | (১) ইনোভেশন কার্যক্রমের আওতায় পরিবেশ ভারসাম্য রক্ষায় ভার্মি কম্পোষ্ট উৎপাদন, সেক্স ফেরোমান ফাঁদ ব্যবহার এবং পুষ্টি চহিদা পূরণে ফলের চারা বিতরণ প্রকল্প গ্রহণ করায় সভার পক্ষ থেকে ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়। | উপজেলা<br>সাতক্ষীরা |
| ২.০৮। **উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম** ঃ উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বিগত ইং ২৯/০৪/২০১৯ তারিখের সিদ্ধান্ত এর আলোকে উপজেলা পরিষদ চেয়ারম্যান সাহেবের পরামর্শ মোতাবেক সহকারী শিক্ষা অফিসার জনাব ওমর ফারুক সাহেব, ৩৮ মৌতলা প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক বাবু শংকর কুমার, নলতা প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আনারুল ইসলাম আইটি অভিজ্ঞদেরকে যৌথভাবে ব্যাপক খোঁজখবর নিয়ে যাচাই বাছাই পূর্বক শিক্ষা বিষয়ক মানসম্মত বহুল ব্যবহারিত আইটি কোম্পানীর সাথে যোগাযোগ স্থাপন পূর্বক ডেমু প্রদর্শনের নিদের্শ মোতাবেক বিস্তারিত খোঁজখবর নিয়ে কয়েকটি আইটি কোম্পানীর মধ্যকার নেটিজেন আইটি ও জেডকেপিও আইটি দুইটির মধ্যকার সর্ব্বোৎকৃষ্ট গুণগত মানসম্মত নেটিজেন আইটি সফটওয়ার কোম্পানীর সফটওয়ার বাজারের অন্যতম বিবেচিত হওয়ায় নেটিজেন সফটওয়ার ক্রয়ের পরামর্শ পরিষদে উপস্থাপন করেন। চেয়ারম্যান মহোদয় কোম্পানীর সাথে আলোচনায় কোন স্থাপনা খরচ ছাড়া উপজেলা শিক্ষা অফিস এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে ড্যাশ বোর্ড স্থাপন করে দেওয়ার অনুরোধ করিলে কোম্পানী উহাতে সম্মত হওয়াতে চেয়ারম্যান মহোদয় সন্তুষ্টি প্রকাশ করেন। সাথে সাথে সকল বিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে চুক্তি সম্পাদন পূর্বক সফটওয়ার স্থাপনের পরামর্শ প্রদান করেন। সভায় উল্লেখিত বিষয়ে নাতিদীর্ঘ আলোচনান্তে চেয়ারমান মহোদয় আগামী ১৫ই আগষ্ট ২০১৯ জাতির জনক বঙ্গবন্ধুর শাহাদাৎ বার্ষিকী উপলক্ষ্যে শতভাগ বিদ্যালয় ডিজিটাল ঘোষণা করে মাননীয় প্রধানমন্ত্রী স্বপ্ন পূরণে এস.ডি.জি গোল্ড-মানসম্মত শিক্ষা ব্যবস্থার উন্নয়নে সকল স্কুলে সফটওয়ার স্থাপনের সিদ্ধান্ত প্রস্তাব দেন। শিক্ষা অফিসার মহোদয় আরও জানান যে, ১৩৮টি বিদ্যালয়ে মধ্যে ১৮টি বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ না থাকায় জাতির জনকের মৃত্যু বার্ষিকীর মাসের মধ্যেই শতভাগ বিদ্যালয়ে বিদ্যুত সংযোগ স্থাপন ব্যবস্থা গ্রহণের জন্য পরিষদের সকল সদস্য যথাযথভাবে ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় জাতীয় সংসদ সদস্য সাতক্ষীরা-৩ এবং সাতক্ষীরা-৪ জনাব আ.ফ.ম রুহুল হক এবং জনাব জগলুল হায়দার মহোদয়দ্বয় গণের সহযোগিতার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়কে পরামর্শ প্রদান করেন। উপজেলা শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরার প্রতিনিধি সভায় আরও জানান যে,এ উপজেলার ১৩৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল হাজিরার সফটওয়ার | (১) প্রতিটি বিদ্যালয়ে নেটিজেন কোম্পানীর সফটওয়ার স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(২) প্রতিটি স্কুলে ডিজিটাল হাজিরার সফটওয়ার স্থাপন করতে হবে। | উপজেলা চেয়ারম্যান মহোদয়, উপজেলা নির্বাহী কর্মকর্তা মহো<br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ মহোদয় |

| | | |
|---|---|---|
| ...র কাজ চলমান রয়েছে। তিনি আরো জানান যে, এ ...জেলায় ১০ টি স্কুলে পানির ফিল্টার নষ্ট হয়ে গেছে, কয়েকটি স্কুলে বিদ্যুৎ সংযোগ নেই । যে সকল কাঁচা রাস্তা দিয়ে শিশুরা স্কুলে যায়, সেগুলো অগ্রাধিকার দিয়ে নির্মাণ কাজ করতে স্থানীয় বাজেট বা এলজিএসপির অগ্রাধিকার ভিত্তিতে করতে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে পুনঃ অনুরোধ জানানো হয়। | | |
| ২.৯। <u>উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, গত ইং /০৫/২০১৯ তারিখের সভা প্রস্তাবিত সিদ্ধান্ত সকল সেপ্টিনেট প্রোগ্রামের কার্যক্রমের আওতায় সকল ইউনিয়নের ডাটাবেজ প্রস্তুত করার সিদ্ধান্ত এর অগ্রাধিকার তালিকা কোন ইউনিয়ন থেকে পাওয়া যায়নি। এছাড়া তার বিভাগের অন্য সকল কার্যক্রম সুষ্টুভাবে চলছে। কোন ইউনিয়ন থেকে তালিকা না পাওয়ায় সভাপতি মহোদয় দুঃখ প্রকাশ করেন। সভাপতি মহোদয় উপজেলার সকল ইউনিয়নের বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যাক্তা ও প্রতিবন্ধিদের ডাটা বেইজ তালিকা করতে হবে। এ জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে ন্যাশনাল সার্ভিসের কর্মী দিয়ে কাজটি সম্পন্ন করার জন্য পরামর্শ ও পুনঃঅনুরোধ জানান। চেয়ারম্যান মহোদয় আরো বলেন যে, ভাতাভোগীদের ভাতা গ্রহণের দুর্ভোগ পরিহার করতে অনলাইন ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা সেই বিষয়ে আগামী মিটিংএ বিস্তারিত আলোচনার অনুরোধ করেন। | (১) ন্যাশনাল সার্ভিসের কর্মী দিয়ে উপজেলার সকল ইউনিয়নের বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যাক্তা ও প্রতিবন্ধিদের ডাটা বেইজ তালিকা করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কালিগঞ্জ |
| ২.১০। <u>উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্টুভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ , সাতক্ষীরা |
| ২.১১। <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্টুভাবে চলছে। তার বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে আপাততঃ কোন সমস্যা নেই। ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি অর্থায়নে কালিগঞ্জ উপজেলাধীন বিভিন্ন ইউপি'তে জলাতঙ্ক ভ্যাকসিন সরবরাহ দেওয়ায় সভার পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১২। <u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ এর প্রতিনিধি জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ২.১৩। <u>উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম</u> উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, বিভাগের কার্যক্রম সুষ্টুভাবে চলছে। প্রশিক্ষণ এবং ঋণ কার্যক্রম চলমান রয়েছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচীও চলমান রয়েছে। তার অফিসে ৩ জন ক্রেডিট সুপারভাইজার এর স্থলে ০১ জন কর্মরত রয়েছেন। তিনি শুন্য পদে পদায়নের বিষয়ে আলোচনা করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) ন্যাশনাল সার্ভিসের যে সকল কর্মী নিয়মিত অফিস করেন না অথবা অফিসে না এসে বেতন গ্রহণ করছেন তাদের তালিকা আগামী সভায় দাখিলের জন্য অনুরোধ জানানো হয়।<br>(২) ক্রেডিট সুপারভাইজার পদে জনবল পদায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরে পত্রযোগাযোগ করার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৪। <u>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম</u> ঃ সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে জানা গেল না । | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত থেকে ফাউন্ডেশনের কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচ অফিসার, কালিগঞ্জ |

| | | |
|---|---|---|
| ২.১৫। <u>জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম</u> ঃ জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তরের ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তরের ভবন নির্মাণে টেন্ডার সম্পন্ন হয়েছে। তিনি আরও জানান পূর্বের ভবনটি পার্শ্ববর্তী রেনটি গাছের কারণে ভবনটি ক্ষতিগ্রস্থ হয়। তিনি আরও জানান নতুন ভবনটি পরিকল্পিতভাবে নির্মাণ করতে গিয়ে ২টি রেনটি গাছ অপসারণ না করলে পুরানো ভবনের ন্যায় নতুন ভবনটিও ক্ষতিগ্রস্থ হতে পারে। সাথে সাথে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের সাথে পরিকল্পিত এবং দৃশ্যমান সহ টেকসই ভবন নির্মাণে গাছ ২টি অপসারণের প্রয়োজন এবং ২/১ দিনের মধ্যে সংশ্লিষ্ট দফতরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা লে-আউট দিতে আসবেন। যেহেতু দীর্ঘস্থায়ী ব্যয়বহুল ভবনটি লে-আউট দেওয়ার পূর্বে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় এবং উপজেলা চেয়ারম্যান মহোদয় এর উপস্থিতিতে উপজেলা প্রকৌশলী, উপজেলা বন কর্মকর্তা সম্মিলিতভাবে লে-আউটের স্থান নির্ধারণ এবং সকল প্রতিবন্ধকতা দূরিকরণের সহযোগিতার পরামর্শ প্রদানের অনুরোধ করেন। তিনি আরও জানান যে, অত্র অফিসের পিছন দিয়ে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর সংস্কার না করলে বহিরাগত লোকজন বাহিরে পথ থাকা স্বত্বেও অজ্ঞাত কারণে উপজেলা পরিষদের ভিতর দিয়ে যাতায়াতের পথ হিসাবে ব্যবহার করছে। যাহার ফলে ছোট খাট ছিটকে চুরি সহ পরিষদ ক্যাম্পাস অরক্ষিত বলে প্রতীয়মান হয় বিধায় সকল আবাসিক অফিসারর্স কোয়াটার, ডরমেটরী, অফিস ভবন সিকিউরিটি নিশ্চিত করতে সীমানা প্রাচীর ভেঙ্গে সৃষ্ট পথ অনতিবিলম্বে বন্ধ করে দেওয়ার আশু প্রয়োজনীয়তা পরিষদে উপস্থাপন করেন। উল্লেখিত বিষয়ে নাতিদীর্ঘ আলোচনা হয়। | ১। নতুন ভবন নির্মাণে রেনটি গাছ ২টি অপসারণের প্রয়োজন হলে বিধি মোতাবেক সরেজমিনে পরিদর্শন পূর্বক বাস্তব সম্মত স্থানীয়ভাবে কার্যকরী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হইল।<br>২। উপজেলা পরিষদের আবাসিক ভবন বসবাসকারী সকল কর্মকর্তা এবং তাদের পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিত ও নানা সময়ে পরিষদের অফিস সহ বাগানের গাছের ফল চুরি, রোপনকৃত গাছপালা নষ্ট, নার্সারীর চারা চুরি, পরিবেশ যত্রতত্র মলমুত্র ত্যাগ ইত্যাদি নানাবিধ কারণে সার্বিক সামাজিক ও পারিপার্শ্বিক নিরাপত্তার স্বার্থে প্রাচীরগুলি ভেঙ্গে নির্মিত সকল পথ স্থায়ীভাবে বন্ধ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। উপজেলা প্রকৌশলী প্রকলন প্রস্তুতি পূর্বক আগামী মিটিংএ বিস্তারিত পরিষদ সভায় উপস্থাপিত করার জন্য অনুরোধ করা হলো। | বাস্ত...<br>মহোদয়...<br>মহোদয়, ...<br>উপজেলা জন...<br>উপজেলা ফরেস...<br>সামাজিক বনায়ন, ...<br>মথুরেশপুর ইউনিয়ন ... |
| ২.১৬। <u>বন বিভাগের কার্যক্রম</u> ঃ<br>ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেল না। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৭। <u>খাদ্য বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখা সহ দ্রুত সংগ্রহ কার্যক্রম শেষ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কালিগঞ্জ সাতক্ষীরা |
| ২.১৮. <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম</u>ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় বিষয়ে আলোচনা করা / জানা গেল না। এ প্রসঙ্গে দক্ষিণ শ্রীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয় বলেন যে, উপজেলা চেয়ারম্যান মহোদয় ৩০/০৪/২০১৯ তারিখে উপজেলা পরিষদ কালিগঞ্জ, সাতক্ষীরা ২০১৯-৩৪০/১ পত্রের পরিপ্রেক্ষিতে ০৫/০৫/২০১৯ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রতিনিধি সহ পরিদর্শনে যান। পরিদর্শনকালে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি সহ প্রিন্ট মিডিয়ার সাংবাদিক সাজেদুল হক, মাদ্রাসার কর্মচারী এবং শিক্ষকদের উপস্থিতিতে তদন্তকালে মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি এবং দাতা সদস্য আবু তালেব সরদার সহ ভারপ্রাপ্ত অধ্যক্ষ এর বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্তে মাদ্রাসার অধ্যক্ষ মোঃ আব্দুল কাদের হেলালী নিয়মিত মাদ্রাসায় হাজির থাকলেও হাজিরা খাতায় স্বাক্ষর করিতে না দেওয়া, নিয়মিত হাজিরা খাতায় সকল কর্মচারীর স্বাক্ষর না থাকা, হেলালী সাহেব সহ আরও অনেক শিক্ষকদের কাছ থেকে সহিংস মামলার ভয় দেখিয়ে অর্থ আত্মসাত প্রমাণিত হওয়ায় নিজেদের অপরাধ গোপন করতে এবং তদন্তকালীন ঘটনাকে প্রশ্নবিদ্ধ করতে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়, স্থানীয় ইউপি সদস্য সংক্ষুদ্ধ অধ্যক্ষ মোঃ আব্দুল কাদির হেলালী এবং মিডিয়া কর্মী সাজেদুল হকের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করেন। তদন্তকালীন সময়ে আমি নিজেও কিছু সময় প্রত্যক্ষদর্শী হিসাবে উপস্থিত থাকায় | (১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত থেকে তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়।<br>(২) বিষ্ণুপুর ইউনিয়নের দারুল উলুম চৌমহনী ফাযিল মাদ্রাসার কমিটি কর্তৃক প্রতিষ্ঠানের ২৭ টি মেহগণি গাছ কর্তনের বিষয়ে আগামী সভায় বিস্তারিত প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জকে অনুরোধ জানানো হয়।<br>(৩) চৌমুহনী দারুল উলুম ফাযিল মাদ্রাসার কমিটি কর্তৃক কালিগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যানের বিরুদ্ধে মামলা রুজু করায় সর্বসম্মতিক্রমে নিন্দা প্রস্তাব গ্রহণ করা হয়। | (১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা । |

| | | |
|---|---|---|
| ঘটনা মোটামুটি জানি। উপরিল্লিখিত অপরাধ ঢাকতে ম্যানেজিং কমিটির সভাপতি বাদী হয়ে দ্রুত বিচার আইনে যে মামলা করেছেন তাহা সম্পূর্ণ ভিত্তিহীন। আমি মিথ্যা মামলার ঘটনার সাথে জড়িত বাদীসহ অন্য সকল সহযোগিদের বিরুদ্ধে অত্র পরিষদে নিন্দা প্রস্তাব সহ সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে বিভাগীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি। | | |
| ২.১৯ আমার বাড়ী আমার খামার প্রকল্প ঃ সভায় জানানো হয় যে, আমার বাড়ী আমার খামার প্রকল্প কালিগঞ্জ উপজেলায় ১৭০ টি সমিতি গঠন করা হয়েছে। দ্রুত আরো ৪৫ টি গঠন করা হবে। সদস্য অন্তর্ভুক্তির কাজ চলমান রয়েছে । পল্লী সঞ্চয় ব্যাংক থেকে ঋণ দেয়া হচ্ছে । | সমাবেশের মাধমে সমিতিতে সদস্য অন্তর্ভুক্তির ব্যবস্থা নিতে হবে। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প, কালিগঞ্জ |
| ২.২০ পানি উন্নয়ন বোর্ড ঃ উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ সভাকে অবহিত করেন যে, ওয়াপদার ঝুঁকিপূর্ণ ভেড়ীবাঁধ মেরামতের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি আরও জানান যে, পানি উন্নয়ন বোর্ড এবং ভেড়ীবাধের মধ্যিখানে সহকারী কমিশনার ভূমি এর খাস জমিতে কথিত ভূমিহীন, স্থানীয় নদী খাল শাসনকারী ভূমিদস্যু যত্রতত্র অবৈধ স্থাপনা তৈরি করছে। পানি উন্নয়ন বোর্ড কর্তৃপক্ষ বাধা প্রদান করলে ঐ সমস্ত ভূমি দস্যুরা সহকারী কমিশনার ভূমির খাস জায়গা ঘোষণা দিয়ে অবৈধ স্থাপনা গড়ে তুলছে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত দীর্ঘমেয়াদী পরিকল্পনা হিসাবে জলবায়ু পরিবর্তনে ঝুকি হ্রাসে প্রবাহমান সকল নদী খালের উপরে অবৈধ স্থাপনা উচ্ছেদের নির্দেশ প্রদান করেছেন। দীর্ঘমেয়াদী টেকসই এসডিজি এবং বদ্বীপ পরিকল্পনা বাস্তবায়নে ঐ সমস্ত স্থাপনার কারণে বাধাগ্রস্থ হবে। জনস্বার্থে সরকারের টেকসই পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অতি দ্রুত ঐ সমস্ত অবৈধ দখলকারীদের উচ্ছেদ করে নদী শাসন কার্যক্রম বন্ধ করা আশু প্রয়োজন। উল্লেখিত বিষয়ের বিস্তারিত আলোচনায় আরও প্রতীয়মান হয় যে, নদী শাসন রোধে, জলবায়ু পরিবর্তনের ঝুকি হ্রাসে উচ্ছেদ অভিযান অতি শিঘ্রই বাস্তবায়িত হওয়ার প্রয়োজন। সভায় উপস্থিত সকল সদস্য উল্লেখিত ভয়াবহ কার্যক্রম অতিব জরুরী বন্ধ করা, নদী ও খাল সংলগ্ন পানি উন্নয়ন বোর্ড কর্তৃক ইজারা সহ সকল ধরনের বন্দোবস্ত থেকে বিরত থাকার জন্য জোর সুপারিশ করেন। সাথে সাথে অবৈধ দখলকারী সকল ভূমিদস্যু কর্তৃক সব ধরনের স্থাপনা উচ্ছেদ এর প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয় এবং জেলা প্রশাসক বরাবর উচ্ছেদ প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় ৯নং মথুরেশপুর ইউনিয়নের চেয়ারম্যান ও নাজিমগঞ্জ হাটবাজার কমিটির সভাপতি জনাব মিজানুর রহমান জানান পানি উন্নয়ন বোর্ড এর ভরাট জায়গায় নাজিমগঞ্জ হাটের গরু হাট অংশটি কথিত ভূমিহীন ভূমিদস্যুরা বাড়ি ঘর নির্মাণ সহ কাঁচা পাকা স্থাপনা তৈরি করেছে যার ফলে ঐহিত্যবাহী নিয়মিত গরু হাটটি অস্থায়ী গরু হাটে পরিণত হয়েছে। সরকারের রাজস্ব আদায় ব্যাহত হচ্ছে। সাথে সাথে ঐতিহ্যবাহী নাজিমগঞ্জ হাটের পরিবেশ নষ্ট সহ অত্র এলাকায় বিভিন্ন জায়গা থেকে আগত কথিত ভূমিহীন মাদক চুরি বাটপারি সহ নানান সমাজবিরোধী কাজের আখড়ায় পরিণয় হয়েছে। তিনি আরও বলেন কাঁকশিয়ালী নদী থেকে যমুনা নদীর অংশ কালিগঞ্জ থানার সম্মুখে উভয়পার্শ্বে অবৈধ দখল যাহা উপজেলা পরিষদ অফিস সংলগ্ন যমুনা নদীর দুই ধারের সকল স্থাপনা এবং উপজেলা অফিসের সামনে যমুনা নদীতে নিমজ্জিত মৌজা-চরদহ ডি,এস ১/১ এস,এ ২ খতিয়ানের ১০০ বছরের উর্দ্ধে পানি নিষ্কাশনে সরকারী খালের উপর পাকা স্থাপনা অপসারণের প্রস্তাব সভায় উপস্থাপন করেন। তিনি আরও জানান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ভূমি মন্ত্রণালয় খাস জমি-২ স্মারক নং-৩১.০০.০০০০.০৪১.৪১.১৩৩.১৮ এর পত্র ০৩রা ডিসেম্বর ২০১৮ জেলা প্রশাসক, সাতক্ষীরা স্মারক নং- | ১। সকল প্রকার অবৈধ স্থাপনা অপসারণের সিদ্ধান্ত গ্রহণ ও দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>২। জনস্বার্থে খোলপেটুয়া নদীর মোহনা ভোলার ত্রিমোহনী হতে চুনপুড়ি গোয়ালঘেসিয়া এবং কাঁকশিয়ালী নদী খনন প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। সভায় যমুনা নদীর কালিগঞ্জ থানার সামনের অংশ দুই পাশ সকল স্থাপনা উচ্ছেদ এবং উপজেলা সংলগ্ন যমুনা নদীর দুই পাশে সকল স্থাপনা উচ্ছেদ সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪। চরদহ মৌজার ১০০ বছরের পানি নিষ্কাশন খালের উপরে সকল স্থাপনা উচ্ছেদের সিদ্ধান্ত সর্বসম্মতক্রমে গৃহিত হয়।<br>৫। নদীর পাড় সহ জনস্বার্থে ব্যবহার্য সকল খাল যাহা পানি উন্নয়ন বোর্ড এবং সহকারী কমিশনার ভূমি কালিগঞ্জ এর মালিকানাধীন সব ধরনের ইজারা বন্ধের সুপারিশ সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সাতক্ষীরা, উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা, সহকারী কমিশনার ভূমি, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ৩১.০০.০০০০.০৪১.৪১.১৩৩.১৮-৩৪৭/১(৪) সরেজমিনে তদন্তপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতঃ ১৫/১২/২০১৮ তারিখের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করণের নির্দেশক্রমে অনুরোধপত্র দেন। উল্লেখিত পত্রের পরিপ্রেক্ষিতে কার্যকরী ব্যবস্থা গ্রহণের প্রস্তাব সভায় উথাপন করেন। | | |
| ৩. বিবিধ ঃ<br>(ক) <u>উপজেলা পরিষদের আবাসিক ভবন বরাদ্দ প্রদান সংক্রান্ত</u> ঃ বিগত ২৯/০৪/২০১৯ তারিখে সভার কার্যবিবরণীতে, উপজেলা পরিষদের আবাসিক ভবনের ভাড়া নিদিষ্ট করে দেয়া যাবে কিনা, ভবিষ্যতে অডিট আপত্তি হবে কিনা , আইনগত জটিলতা রয়েছে কিনা এসব বিষয় বিবেচনা রেখে এবং ৩০/০৫/২০১৯ তারিখের সভায় উপজেলা পরিষদের ডরমেটরীসহ আবাসিক ভবনের ভাড়া নিদিষ্ট করে দেয়া হয়েছে, যাতে উপজেলা পরিষদে কর্মরত কর্মকর্তা এবং কর্মচারীগণ পরিবার পরিজন নিয়ে বসবাস করতে পারেন। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে উপজেলা পরিষদের বাসা একজনের নামে বরাদ্দ নেয়া হয়েছে অথচ সেখানে অন্য লোক বসবাস করছেন, তাছাড়া অন্য উপজেলায় চাকরি করেন এবং এ উপজেলার আবাসিক ভবনে পরিবার নিয়ে দীর্ঘদিন যাবৎ বাসা ভাড়া না দিয়ে বসবাস করেন । তাছাড়া নিদিষ্ট সময়ে বিভিন্ন আবাসিক ভবনের দীর্ঘদিনের বিদ্যুৎ বিল পরিশোধ না করায় বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | এ উপজেলার উপজেলা পরিষদ আবাসিক ভবনে বসবাসরত কর্মকর্তা, কর্মচারীদের নিম্নবর্ণিত তথ্য আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয় ঃ-<br>(১) উপজেলা পরিষদ আবাসিক ভবনে বসবাসরত কর্মকর্তা, কর্মচারীগণের নামে বাসা বরাদ্দের তারিখ, বাসা নং ও স্মারক নং<br>(২) আবাসিক ভবনের কোন বিদ্যুৎ বিল বকেয়া আছে কিনা ? থাকলে কোন মাসের কত টাকা ?<br>(৩) আবাসিক ভবনে বসবাসরত কর্মকর্তা, কর্মচারী বাসা ভাড়া কিভাবে পরিশোধ করেন (প্রমানক সহ)<br>(৪) বাসা সাবলেট দিয়েছেন কিনা ?<br>(৫) অন্য উপজেলায় চাকরি করেন এবং এ উপজেলার আবাসিক ভবনে পরিবার নিয়ে দীর্ঘদিন যাবৎ বাসা ভাড়া না দিয়ে বসবাস করেন এ ধরণের কেউ আছে কিনা ? থাকলে তার বর্ণনা। | উপজেলা প্রকৌ [illegible]<br>সরকার প্রকৌশল [illegible]<br>কালগঞ্জ, সাতক্ষীরা [illegible] |
| (খ) শতভাগ বিদ্যুতের আওতায় আনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় মৌতলা ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান খলিলুর রহমান জানান মৌতলা ইউনিয়নে শতভাগ বিদ্যুতের কাজ প্রায় সম্পন্ন। শুধুমাত্র মধ্য মৌতলার একটি পাড়ার ১৪টি পরিবার আর গোটা ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে ১২টি পরিবার মিসটেক হয়ে গেছে। তিনি আরও জানান রাস্তার ধারে বসবাসরত বিদ্যুৎ এর মেইন লাইনের একদম নিচু দিয়ে পিরোজপুর টু মৌতলা সড়ক জনপথের রাস্তার পার্শ্বে পরিবারগুলোর বিদ্যুৎ লাইনের সংযোগ ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেন। ধলবাড়িয়া ইউনিয়নের চেয়ারম্যান মহোদয় জানান যে, এই উপজেলায় ধলবাড়িয়া ইউনিয়নে (১) মুড়াগাছা কয়াল পাড়া (২) মাধবকাটি ভূমিহীন পাড়া (৩) আশিকোড়া (৪) ঘুনসী রাজারামপুর, (৫) মুড়াগাছা (৬) খড়মী গ্রামসহ অনেক গ্রামে বিদ্যুতের ব্যবস্থা নেই। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | এ উপজেলার যে সকল গ্রাম এখনও বিদ্যুৎ পৌছাইনি সে গ্রাম গুলোকে অতিদ্রুত বিদ্যুৎ-এর আওতাভুক্ত করার জন্য জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি পাটকেলঘাটাকে অনুরোধ জানানো হয়। | জেনারেল ম্যানেজার, সাতক্ষীর পল্লী বিদ্যুৎ সমিতি পাটকেলঘাটা |
| (গ) সভায় জানানো হয় যে, কালিগঞ্জ কাঁকশিয়ালী নদীর ধারসহ যমুনা নদীর ধার দিয়ে কালিগঞ্জ মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের সামনে, উপজেলা পরিষদের পূর্বদিকে নদীর ধারে পানি উন্নয়ন বোর্ডের জায়গায় কতিপয় ব্যক্তি অবৈধভাবে ঘর উত্তোলন করে দোকান তৈরীসহ অবৈধভাবে বসবাস করছে, এ সব অবৈধ স্থাপনা উচ্ছেদের ব্যবস্থা নিতে হবে। | কালিগঞ্জ কাঁকশিয়ালী নদীর ধারসহ যমুনা নদীর ধার দিয়ে পানি উন্নয়ন বোর্ডের সম্পত্তির উপর অবস্থিত অবৈধ স্থাপনা ও সাইনবোর্ড উচ্ছেদ করতে হবে। | (১) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সাতক্ষীরা<br>(২) উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ |
| (ঘ) সভায় জানানো হয় যে, এ উপজেলায় উপজেলা প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, উপজেলা পরিসংখ্যান অফিসার, পদ শুন্য রয়েছে । শুন্য পদে পদায়নের বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | এ উপজেলায় উপজেলা প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, উপজেলা পরিসংখ্যান অফিসারের শুন্য পদে জনবল পদায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের সদয় দৃষ্টি আকর্ষণ করা হয়। | (১) নির্বাহী প্রকৌশলী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সাতক্ষীরা<br>(২) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সাতক্ষীরা<br>(৩) জেলা পরিসংখ্যান অফিসার, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| (ঙ) সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণের বসার জন্য কোন অফিস কক্ষ বরাদ্দ নেই । উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনকে অফিস কক্ষ হিসাবে ব্যবহার করা হচ্ছে । ফলে উপজেলা পরিষদ চেয়ারম্যান বাসা শিফট করতে পারছেন না । উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণের অফিস কক্ষ বরাদ্দের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । | উপজেলা পরিষদের একই ভবনে স্থান সংকুলান না হওয়ায় উপজেলা পরিষদ চেয়ারম্যানের জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের তৃতীয় তলায় অফিস কক্ষ বরাদ্দ প্রদান এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের পশ্চিম পার্শে দু'তলা ভবনের উপজেলা ক্রীড়া সংস্থার মালামাল রাখা অব্যবহৃত কক্ষটি উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানগণের অফিস কক্ষ হিসেবে বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা ক্রীড়া সংস্থার মালামাল অন্যত্র স্থানান্তরসহ কক্ষটি উপজেলা পরিষদ চেয়ারম্যান বরাবর হস্তান্তর করার জন্য সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থাকে অনুরোধ জানানো হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ<br>(২) ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ<br>(৩) সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা , কালিগঞ্জ |
| (চ) সভায় অভিবাসন প্রক্রিয়া প্রসারিত, সহজ, নিরাপদ ও সুশৃঙ্খল করণার্থে 'বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষতা ও সচেতনতা" শীর্ষক উপজেলা পর্যায়ে প্রচারণামূলক সভা সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অভিবাসন প্রক্রিয়া প্রসারিত, সহজ, নিরাপদ ও সুশৃঙ্খল করণার্থে 'বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষতা ও সচেতনতা" শীর্ষক ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিজস্ব উদ্যোগে, উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতায় ইউনিয়ন / তৃণমূল পর্যায় পর্যন্ত প্রচার কার্যক্রম চালিয়ে যেতে হবে । | (১) উপজেলা নির্বাহী অফিসা কালিগঞ্জ<br>(২) চেয়ারম্যান, ইউনিয়ন পরি (সকল) কালিগঞ্জ |
| (ছ) কালিগঞ্জ উপজেলাধীন উপজেলা পরিষদের অভ্যন্তরে বিদ্যমান কোর্ট ভবনটি অত্যন্ত জরাজীর্ণ হওয়ায় ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকায় ভবনটি অপসারণের অনুমোদনের জন্য এ অফিসের ০৮/১০/২০১৭ তারিখের ৯৫৩ নং স্মারক মুলে জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয় বরাবর প্রেরণ করা হয়। জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয় ২৪ অক্টোবর,২০১৭ তারিখের ৭৭১ নং স্মারক মুলে স্থানীয় সরকার বিভাগ, ঢাকা বরাবরে প্রেরণ করেন।কিন্তু উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, ২২ নভেম্বর ২০১৭ তারিখের ১৩৮৯ নং স্মারক মুলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনাপত্তি পত্রসহ পুনরায় দাখিল করার প্রস্তাব দেন। নিরাপত্তার স্বার্থে ঝুঁকিপূর্ণ ভবনটি অপসারণের জন্য জনাব এস,এম জগলুল হায়দার, মাননীয় সংসদ সদস্য, ১০৮ সাতক্ষীরা-৪, ১৪/১২/২০১৭ তারিখের ১৬১৯ স্মারক মুলে ডিও লেটার প্রদান করেন। ভবনটি ঝুঁকিপূর্ণ হওয়ায় জানমালের নিরাপত্তার স্বার্থে স্থানীয় পত্রিকায়ও সংবাদ প্রকাশিত হয়েছে। নিরাপত্তা ঝুঁকি এড়ানোর জন্য অতি জরুরী ভিত্তিতে জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ বিদ্যমান কোর্ট ভবনটি ভেঙ্গে অপসারণ করে জনগণের জানমালের নিরাপত্তা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৪/০১/২০১৮ তারিখের ২২ নং স্মারক মুলে এবং ১৩/০৮/২০১৮ তারিখের ৮৮৫ নং স্মারক মুলে জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়কে অনুরোধ জানানো হয়।<br>কালিগঞ্জ উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা পরিষদের মালিকানাধীন বিদ্যমান জরাজীর্ণ ভবনটি পরিত্যাক্ত ঘোষণা ও ভবনটি পরিত্যাক্ত ঘোষণার নিমিত্তে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সাতক্ষীরা ভবনটি সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শন কালে ভবনটির কলাম বীম ও ছাদের কংক্রিটসহ সীমানা প্রাচীর জরাজীর্ণ অবস্থায় নিরাপত্তা ঝুঁকিতে রয়েছে বলে মন্তব্য করেন। ফলে সম্পূর্ণ ভবনটি পরিত্যাক্ত ঘোষণার জন্য প্রাক্কলন প্রস্তুত করার নির্দেশনা | কালিগঞ্জ উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা পরিষদের মালিকানাধীন বিদ্যমান জরাজীর্ণ ভবনটি নিরাপত্তা ঝুঁকিতে রয়েছে, জন নিরাপত্তার স্বার্থে ভবনটি পরিত্যাক্ত ঘোষণাসহ প্রস্তুতকৃত ৩,৩২,২৭৬/- (তিনলক্ষ বত্রিশ হাজার দুইশত ছিয়াত্তর) টাকার প্রাক্কলন সদয় অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো । | (১) চেয়ারম্যান, উপজেলা পরি কালিগঞ্জ<br>(২)উপজেলা নির্বাহী অফিস কালিগঞ্জ<br>(৩) উপজেলা প্রকৌশলী,স্থা সরকার প্রকৌশল অধিদ কালিগঞ্জ |

| | | |
|---|---|---|
| দুইশত ছিয়াত্তর) টাকার প্রাক্কলন প্রস্তুত করে জন নিরাপত্তার স্বার্থে ভবনটি পরিত্যাক্ত ঘোষণাসহ প্রস্তুতকৃত প্রাক্কলন সদয় অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২২/১০/২০১৮ তারিখের ১১৫৮ নং স্মারক মূলে জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। বিষয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | | |
| (ঝ) উপজেলা পরিষদের "কাজ নেই মজুরী নেই" ভিত্তিতে সুইপার ও মালী নিয়োগ সংক্রান্ত ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৫ (ত) (থ) নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদে একজন মালী ও একজন সুইপার দৈনিক প্রদেয় মজুরীর হারে মাসিক ভিত্তিতে ইতোপূর্বে নিয়োজন করা হয় এবং সর্বশেষ স্থানীয় সরকার বিভাগ(উপজেলা-১ শাখা) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা এর ০৮ ফেব্রুয়ারী, ২০১৭ তারিখের ২১০ নং স্মারক মোতাবেক দৈনিক মজুরী প্রদান করা হচ্ছে। কিন্তু জনাব বাবুর আলী শেখ, গ্রাম- কুলিয়া দুর্গাপুর, সুইপার পদে ০১/০৫/২০১৫ তারিখ হতে কালিগঞ্জ উপজেলা পরিষদে দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত থাকলেও তিনি বিগত ২/৩ মাস অফিস/ পরিষদে অনুপস্থিত রয়েছেন। ফলে অফিসের পরিচ্ছন্ন কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। উপজেলা চেয়ারম্যান সাহেব জানান যে, উক্ত বাবর আলী এপ্রিল মাসে উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান সাহেবদের অভিষেক অনুষ্ঠানের দিন আগত সাধারণ মানুষের কাছে গৃহায়ন প্রকল্পের বাড়ি করে দেওয়ার জন্য চেয়ারম্যানের নাম করে কলিযোগা গ্রামের আবুল কালাম, পিতা-বাহার আলী গাজী ও আব্দুস সাত্তার, পিং-মেহেরউদ্দীন গাজী, সর্ব সাং-কলিযোগা এর নিকট হইতে মাননীয় প্রধানমন্ত্রীর গৃহায়ন প্রকল্পের ঘর প্রদানের নাম করে ঘর প্রতি জনকে ১০,০০০/- (দশ হাজার) টাকা উৎকোচ গ্রহণের জন্য প্ররোচিত করেন এবং ১০০০/- (এক হাজার) টাকা অগ্রিম নেন। চেয়ারম্যান মহোদয় বিষয়টি জানতে পেরে তিরস্কার করেন এবং অফিসে আসতে নিষেধ করেন। অদ্যাবধি সে কোনদিন অফিসে আসেন নাই। চেয়ারম্যান সাহেব আরও জানান বাবর আলী কালিগঞ্জ বাস মালিক সমিতির নিয়মিত কর্মচারী। তার বিরুদ্ধে ইতিপূর্বে প্রয়াত উপজেলা চেয়ারম্যান সর্বজন শ্রদ্ধেয় মরহুম শেখ অহেদুজ্জামান এর সময়ে বিভিন্ন লোকের কাছ থেকে অবৈধভাবে উৎকোচ গ্রহণ করতেন যাহা সর্বজন স্বীকৃত। বিধায় তাহার বিরুদ্ধে উল্লেখিত চাকরী থেকে অপসারণের প্রস্তাব সভায় উত্থাপিত হয়। মালী আজগার আলী দীর্ঘদিন যাবত সুনামের সাথে চাকরী করায় এবং তার শারিরিক অবস্থা বিবেচনায় সে এখন আর ভারী ও কঠিন কাজ করতে পারছে না এজন্য কম কষ্টের কাজ করবে বলে চেয়ারম্যান মহোদয়ের নিকট আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জনাব বাবর আলী কে অপসারণ করে তার স্থলে মালী জনাব আজগর আলীর আবেদনের প্রেক্ষিতে তার শারিরিক অবস্থা বিবেচনা করে তাকে সুইপার হিসাবে নিয়োগ দেওয়া এবং মালী হিসাবে কর্মটি একজনকে নিয়োগ দেওয়ার সুপারিশ গৃহিত হলো। | চেয়ারম্যান, উপজেলা [illegible] কালিগঞ্জ, সাতক্ষীরা |
| (ঞ) সভায় জানানো হয় যে, এ উপজেলার বিভিন্ন খাল- নদীতে নেট পাটা দিয়ে পানি প্রবাহে প্রতিবন্ধকতার সৃষ্টি করা হচ্ছে। জনস্বার্থে ব্যবহার্য খাল ইজারা বা একসনা ডিসিআর বন্ধ করা যেতে পারে। | (১) খাল- নদীর পানির প্রবাহে বাঁধা সৃষ্টিকারী সব স্থাপনা অপসারণ করতে হবে।<br>(২) জনস্বার্থে ব্যবহার্য খাল ইজারা বা একসনা ডিসিআর আপাততঃ বন্ধ করার জন্য অনুরোধ জানানো হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>(২) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| (ট) <u>উপজেলা রাজস্ব তহবিল হতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন</u> ঃ<br>সভায় জানানো হয় যে, নব নির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস রুমে বসার মত ভাল চেয়ার, টেবিল ও অফিসিয়াল সামগ্রী না থাকায় অফিস রুমটি বসার অনুপযুক্ত হয়ে আছে। বিধায় বিগত ২৯/০৪/২০১৯ তারিখের উপজেলা পরিষদ সভায় অতিদ্রুত অফিস ডেকোরেশন করার জন্য অনুরোধ জানানো হয় এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়। বর্ণিত কাজ বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় | (১) প্রস্তুতকৃত প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।<br>(২) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান - গণের অফিসে বসার জন্য প্রয়োজনীয় চেয়ার, টেবিলসহ ও অফিস কক্ষ মেরামত বাবদ ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত | উপজেলা প্রকৌশলী<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |

G:\Re final cc.doc

| | | |
|---|---|---|
| ...বায়নের জন্য নিম্নবর্ণিত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>প্রকল্পের নামঃ-<br>(১) উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানগণের অফিস কক্ষ মেরামত- প্রাক্কলিত অর্থ ১,৯৯,৯০০/-(একলক্ষ নিরানব্বই হাজার নয়শত) টাকা<br>(২) উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানগণের অফিসে আসবাবপত্র সরবরাহ- প্রাক্কলিত অর্থ ১,১০,৩৩৬/- (একলক্ষ দশ হাজার তিনশত ছত্রিশ) টাকা।<br>বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পটি বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠণ করা হয়।<br>কমিটি<br>(১) উপজেলা প্রকৌশলী,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ- আহবায়ক<br>(২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ- সদস্য<br>(৩) চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউনিয়ন পরিষদ- সদস্য সচিব | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

তারিখ : ০২ জুলাই,২০১৯

স্মারক নং-৪৬.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.১৯ - ৬৭০

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭-সাতক্ষীরা-৩/১০৮-সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৫। উপজেলা -------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
৬। চেয়ারম্যান ----------------------------------- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
৭। জনাব ------------------------------------------------
------------------------------------------------------- কালিগঞ্জ, সাতক্ষীরা

সরদার মোস্তফা শাহিন
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা